

## ■ সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৮৫৭

১১/ শিকার প্রসঙ্গে (كتاب الصيد)

পরিচ্ছেদঃ ২. শিকারের বর্ণনা

بَابُ فِي الصَّيْدِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمِنْهَالِ الْضَّرِيرُ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ رُعْيَعٍ، حَدَّثَنَا حَبِيبُ الْمُعَلَّمُ، عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، أَنَّ أَعْرَابِيًّا يُقَالُ لَهُ أَبُو ثَعْلَبَةَ قَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ لِي كِلَابًا مُكَلَّبَةً فَأَفْتَنِي فِي صَيْدِهَا. فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنْ كَانَ لَكَ كِلَابٌ مُكَلَّبَةً فَكُلْ مِمَّا أَمْسَكَنَ عَلَيْكَ. قَالَ: ذَكِيًّا أَوْ غَيْرَ ذَكِيٍّ؟ قَالَ: نَعَمْ. قَالَ: فَإِنْ أَكَلَ مِنْهُ؟ قَالَ: وَإِنْ أَكَلَ مِنْهُ. فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ أَفْتَنِي فِي قَوْسِي؟ قَالَ: كُلْ مَا رَدَّتْ عَلَيْكَ قَوْسُكَ. قَالَ: ذَكِيًّا أَوْ غَيْرَ ذَكِيٍّ؟ قَالَ: وَإِنْ تَغَيَّبَ عَنْكَ مَا لَمْ يَضِلِّ أَوْ تَجِدْ فِيهِ أَثْرًا غَيْرَ سَهْمِكَ. قَالَ: أَفْتَنِي فِي آنِيَةِ الْمَجُوسِ إِنِ اضْطُرَرْنَا إِلَيْهَا. قَالَ: اغْسِلُهَا وَكُلْ فِيهَا

حسن লক্ষ কোলে এন্দে অকল মনে মন্ত্র

বাংলা

২৮৫৭। আমর ইবনু শু'আইব (রহঃ) থেকে পর্যায়ক্রমে তার পিতা ও দাদার সূত্রে বর্ণিত। একদা আবু সালাবাহ (রাঃ) নামক এক বেদুঈন এসে বলেন, হে আল্লাহর রাসূল! আমার শিকারী কুকুর রয়েছে। এর শিকার সম্পর্কে আমাকে অবহিত করুন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমার শিকারী কুকুর তোমার জন্য যা ধরে নিয়ে আসে তা খাও। তিনি বলেন, তা যবাহ করার সুযোগ না পেলে? তিনি বললেনঃ সে তা থেকে কিছু খেলেও খেতে পারবে। তিনি বলেন, হে আল্লাহর রাসূল! আমার তীর-ধনুক সম্পর্কে বলুন। তিনি বললেনঃ তোমার তীর তোমাকে যা ফেরত দেয় তা খাও। তা যবাহ করার সুযোগ পাও অথবা না পাও। তিনি বলেন, শিকার যদি নিখোঁজ হয়। তিনি বললেনঃ যদি তাতে তোমার তীর ছাড়া অন্য কিছুর চিহ্ন না থাকে তবে খাবে। তিনি বলেন, অগ্নিপূজারীর রাম্ভা ও পাত্র ব্যবহার সম্পর্কে ফতোয়া দিন; যদি ওগুলো ছাড়া আমাদের কোনো উপায় না থাকে।

তিনি বললেনঃ ওগুলো ধুয়ে নিবে, তারপর খাবে।[1]

## English

Narrated Abdullah ibn Amr ibn al-'As:

There was a bedouin called AbuTha'labah. He said: Messenger of Allah, I have trained dogs, so tell me your opinion about (eating) the animal they hunt. The Prophet (ﷺ) said: If you have trained dogs, then eat what they catch for you. He asked: Whether it is slaughtered or not? He replied: Yes. He asked: Does it apply even if it eats any of it? He replied: Even if it eats any of it. He again asked: Messenger of Allah, tell me your opinion about my bow (i.e. the game hunted by arrow). He said: Eat what your bow returns to you, whether it is slaughtered or not. He asked: If it goes out of my sight? He replied: Even if it goes out of your sight, provided it has no stench, or you find a mark on it other than the mark of your arrow.

He asked: Tell me about the use of the vessels of the Magians when we are forced to use them. He replied: Wash them and eat in them.

## ফুটনোট

[1]. হাসানঃ কিন্তু “সে তা থেকে কিছু খেলেও”- এ কথাটি মুনকার।

হাদিসের মান: সহিহ/ষষ্ঠফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=60225>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন